

🗏 আল-হাক্কাহ | Al-Haqqa | ٱلْحَاقَّة

আয়াতঃ ৬৯ : ৬

💵 আরবি মূল আয়াত:

وَ أَمَّا عَادٌ فَأُهلِكُوا بِرِيحٍ صَرَصَرٍ عَاتِيَةٍ ﴿ ﴾

🗚 অনুবাদসমূহ:

আর 'আদ সম্প্রদায়, তাদেরকে ধ্বংস করা হয়েছিল প্রচন্ড ঠান্ডা ঝঞ্জাবায়ু দ্বারা। — আল-বায়ান আর 'আদকে ধ্বংস করা হয়েছিল এক প্রচন্ড ঝড়ো হাওয়া দিয়ে। — তাইসিরুল আর 'আদ' সম্প্রদায় - তাদেরকে ধ্বংস করা হয়েছিল এক প্রচন্ড ঝঞ্জাবায়ু দ্বারা। — মুজিবুর রহমান

And as for 'Aad, they were destroyed by a screaming, violent wind — Sahih International

- ৬. আর আদ সম্প্রদায়, তাদেরকে ধ্বংস করা হয়েছিল এক প্রচণ্ড ঠাণ্ডা ঝঞ্জাবায়ু দ্বারা(১),
 - (১) ريحٍ صَرْصَرٍ এর অর্থ অত্যধিক শৈত্যসম্পন্ন প্রচন্ড বাতাস। [মুয়াসাসার]

তাফসীরে জাকারিয়া

(৬) আর আ'দ সম্প্রদায়, তাদেরকে ধ্বংস করা হয়েছিল এক প্রচন্ড ঝড়ো-হাওয়া দ্বারা। [1]

[1] عَاتِية এর অর্থ হল অত্যধিক হিমশীতল প্রচন্ড ঝড়ো হাওয়া। عَاتِية দুর্দান্ত উগ্র, যা দমন করা যায় না। অর্থাৎ, প্রচন্ড বেগবান ঝড়, আয়ত্তে আনা যায় না এমন হিমশীতল হাওয়া দ্বারা হূদ (আঃ)-এর জাতি আ'দকে ধ্বংস করা হয়েছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5329

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন